**Español:** masspowerchoice.com/cambridge/letter_spanish.pdf
**Kreyòl ayisyen:** masspowerchoice.com/cambridge/letter_hcreole.pdf
**বাংলা:** masspowerchoice.com/cambridge/letter_bangla.pdf
**አማርኛ:** masspowerchoice.com/cambridge/letter_amharic.pdf
masspowerchoice.com/cambridge/letter_arabic.pdf **عربى**

# সিটি অব কেমব্রিজ

## কমিউনিটি ইলেক্ট্রিসিটি অ্যাগ্রিগেশন প্রোগ্রাম (জনসামাজিক বিদ্যুৎ সমষ্টিভূত কার্যক্রম)

**বিজ্ঞপ্তি চিঠি**

21 মার্চ 2025

প্রিয় কেমব্রিজবাসী অথবা ব্যবসায়িক প্রতিষ্ঠান,

এই চিঠিতে আপনার বৈদ্যুতিক বিল সম্বন্ধে গুরুত্বপূর্ণ তথ্য আছে।

বর্তমানে আপনি Eversource (এভারসোর্স) বেসিক সার্ভিসে আছেন। এর মানে Eversource আপনার কাছে বিদ্যুৎ পৌঁছে দেয় এবং Eversource আপনার বিদ্যুৎ সরবরাহকারীও বটে (আপনার জন্য তারা বিদ্যুৎ ক্রয় করে)।

যাইহোক, কেমব্রিজ সিটির **কেমব্রিজ কমিউনিটি ইলেক্ট্রিসিটি (Cambridge Community Electricity, CCE) প্রোগ্রাম** নামে একটি বিদ্যুৎ বিষয়ক কর্মসূচি রয়েছে। এই কর্মসূচিতে Eversource আপনাকে বিদ্যুৎ সরবরাহ করে থাকে, তবে শহরটি তার নিজস্ব বিদ্যুৎ সরবরাহকারীকে মনোনীত করেছে। কেমব্রিজে একটি নতুন সৌর শক্তি প্রকল্পের উন্নয়নের লক্ষ্যে সিটি এই কর্মসূচি ব্যবহার করেছে। অংশগ্রহণ করার মাধ্যমে আপনি স্থানীয় বিদ্যুৎ গ্রিডে আরো বেশি নবায়নযোগ্য বিদ্যুৎ যুক্ত করতে সহায়তা করছেন।

**যদি আপনি এই চিঠিটি পেয়ে থাকেন এবং কোনো কিছু না করেন তাহলে আপনি স্বয়ংক্রিয়ভাবে কেমব্রিজ কমিউনিটি ইলেক্ট্রিসিটি প্রোগ্রামে অন্তর্ভুক্ত হয়ে যাবেন।**

**এই কর্মসূচিতে স্বয়ংক্রিয় নথিভুক্তি এড়িয়ে যেতে অবশ্যই 23 এপ্রিল 2025 তারিখের মধ্যে আপনার অংশগ্রহণ না করার আবেদন জমা দিতে বা পোস্টমার্ক যুক্ত করতে হবে।**

**অংশগ্রহণ বলতে বোঝায়:** Eversource আপনার বিদ্যুৎ সরবরাহকারী হিসেবে থেকে যাবে। আপনি অব্যাহতভাবে তাদের কাছ থেকে বৈদ্যুতিক বিল পাবেন এবং বিদ্যুৎ চলে গেলে তাদেরকে কল করতে হবে। তবে আপনি আপনার Eversource বিলের সরবরাহ অংশে ডিরেক্ট এনার্জি তালিকাভুক্ত দেখতে পাবেন এবং আপনার বিলে সরবরাহ ব্যয় হিসাব করতে কেমব্রিজ কমিউনিটি ইলেক্ট্রিসিটি কর্মসূচির মূল্য ব্যবহার করা হবে।

**আপনি যদি স্বল্প আয়ের পৌঁছে দেওয়ার হার (লো-ইনকাম ডেলিভারি রেট) বা জ্বালানি সংক্রান্ত সহায়তার জন্য উপযুক্ত হন, আপনি সেই সকল সুযোগ-সুবিধা পেতে থাকবেন।**

**অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নেওয়ার অর্থ:** Eversource অব্যাহতভাবে আপনার বিদ্যুৎ যোগানদাতা হিসেবে থেকে যাবে এবং আপনার বিলের সরবরাহ অংশটি Eversource এর বেসিক সার্ভিস মূল্যেই থেকে যাবে।

## আমাদের কমিউনিটি ও আপনার জন্য প্রকৃত সুবিধা।

- **স্থানীয়, নবায়নযোগ্য বিদ্যুৎ -** গ্রিডে নতুন নবায়নযোগ্য শক্তি যুক্ত করতে সিটি কর্মসূচির মাধ্যমে সংগ্রহ করা তহবিল ব্যবহার করবে। প্রোগ্রামে অংশগ্রহণের মাধ্যমে ইতোমধ্যেই গ্রাহাম অ্যান্ড পার্কস স্কুল (Graham and Parks School)-এর একটি নতুন সোলার এনার্জি প্রজেক্টে অর্থায়ন করা হয়েছে যা CCE গ্রাহকদের বিদ্যুৎ সরবরাহের গ্রীনহাউস গ্যাস নির্গমনের প্রভাব কমাতে সাহায্য করছে।
- **বেছে নিন -** কর্মসূচিতে আপনার জন্য তিনটি বিকল্প রয়েছে: 1) 100% গ্রীন প্লাসে রয়েছে 'MA ক্লাস I নবায়নযোগ্য শক্তির প্রকল্প' থেকে 100%, 2) স্ট্যান্ডার্ড গ্রীনে রয়েছে 'MA ক্লাস I নবায়নযোগ্য শক্তির প্রকল্প' থেকে 50%' এবং 3) ইকোনমি গ্রীন যার মধ্যে রয়েছে রাষ্ট্রীয় আইন দ্বারা প্রযোজ্য ন্যূনতম নবায়নযোগ্য শক্তি। **আপনাকে স্বয়ংক্রিয়ভাবে স্ট্যান্ডার্ড গ্রীনে নথিভুক্ত করা হবে। (পিছন দিকে বিস্তারিত জানতে পারবেন।)**
- **স্থিতিশীল মূল্য -** জানুয়ারি, 2026 পর্যন্ত কর্মসূচির মূল্য পরিবর্তন হবে না। যেহেতু কখনও কখনও এই মূল্য Eversource-এর বেসিক পরিষেবার মূল্যের চেয়ে বেশি হতে পারে, তাই চালুর পর থেকে Eversource এর তুলনায় এই প্রোগ্রামটি কেমব্রিজের বিদ্যুৎ গ্রাহকদের মোট **$36 মিলিয়নের** বেশি সাশ্রয় করেছে, যদিও **ভবিষ্যতের সাশ্রয়ের বিষয়টি নিশ্চিত করা যাবে না।**

## কেমব্রিজ কমিউনিটি ইলেক্ট্রিসিটি প্রোগ্রাম

**আপনার নতুন ইলেক্ট্রিসিটি সাপ্লাইয়ের মূল্য**

**14.81 ¢/kWh**

## গ্রাহক পরিষেবা:

**1-844-379-9934**

## অংশগ্রহণ করতে চান না?

**আপনি করতে বাধ্য নন। কার্যক্রমে অংশগ্রহণ করতে না চাইলে কোনো জরিমানা বা ফি দিতে হবে না এবং আপনি যেকোনো সময় বেরিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিতে পারেন।**

আপনি যদি অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নেন তাহলে আপনি একজন Eversource বেসিক সার্ভিস গ্রাহক হিসেবে থেকে যাবেন।

নথিভুক্ত হওয়ার আগেই জড়িত না থাকতে চাইলে, **23 এপ্রিল 2025** তারিখের আগে নিচের যেকোনো একটি কাজ করুন:

- সংযুক্ত কার্ডটিতে স্বাক্ষর করে ফেরত পাঠান।
- জড়িত না থাকতে চাইলে অনলাইনে **MassPowerChoice.com/Cambridge**-এ ভিজিট করুন।
- **1-844-379-9934** নম্বরে কাস্টমার সাপোর্টে কল করুন।

# কেমব্রিজ কমিউনিটি ইলেকট্রিসিটি প্রোগ্রামে আপনার বিকল্প

আপনি আপনার বর্তমান বিকল্পে নথিভুক্ত থাকবেন, অন্য বিকল্পে যাবেন বা অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নেবেন নাকি Eversource এর বেসিক পরিষেবায় ফিরে যাবেন সে বিষয়ে সিদ্ধান্ত নিতে নিচের চার্টটি আপনাকে সাহায্য করতে পারবে। পরিবর্তন করতে MassPowerChoice.com/Cambridge ভিজিট করুন অথবা সিটির প্রোগ্রামের পরামর্শদাতার সহায়তার জন্য 1-844-379-9934 নম্বরে যোগাযোগ করুন।

কেমব্রিজ কমিউনিটি ইলেকট্রিসিটি প্রোগ্রামের বিকল্প: | এখানে আপনাকে নথিভুক্ত করা হবে ▼ | আপনি যদি অংশগ্রহণ করতে না চান:

| | **100% গ্রীন প্লাস**<br>'MA ক্লাস I নবায়নযোগ্য শক্তির প্রকল্প' থেকে 100% | | | **স্ট্যান্ডার্ড গ্রীন**<br>'MA ক্লাস I নবায়নযোগ্য শক্তির প্রকল্প' থেকে 50% | | | **ইকোনমি গ্রীন**<br>প্রযোজ্য আইন অনুসারে ন্যূনতম নবায়নযোগ্য শক্তি | | | **Eversource এর বেসিক পরিষেবা**<br>আপনি যদি জড়িত না থাকেন। | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **মূল্য** | **16.82 ¢/kWh*** | | | **14.81 ¢/kWh*** | | | **13.82 ¢/kWh*** | | | **13.241 ¢/kWh** - আবাসিক<br>**13.078 ¢/kWh** - ক্ষুদ্র ব্যবসা<br>**15.713 ¢/kWh** - বৃহৎ ব্যবসা | | |
| **মূল্যের সময়কাল** | নথিভুক্তি - জানুয়ারি 2026 | | | নথিভুক্তি - জানুয়ারি 2026 | | | নথিভুক্তি - জানুয়ারি 2026 | | | আবাসিক ও ক্ষুদ্র ব্যবসার জন্য 1 ফেব্রুয়ারি - 31 জুলাই 2025 পর্যন্ত। বৃহৎ ব্যবসার জন্য 1 ফেব্রুয়ারি - 30 এপ্রিল 2025 পর্যন্ত। | | |
| | **2024** | **2025** | **2026** | **2024** | **2025** | **2026** | **2024** | **2025** | **2026** | **2024** | **2025** | **2026** |
| **'MA ক্লাস I নবায়নযোগ্য শক্তির প্রকল্প' থেকে ইলেকট্রিসিটি**** | | | | | | | | | | | | |
| কেমব্রিজ যোগ করেছে | 76% | 73% | 70% | 26% | 23% | 20% | - | - | - | - | - | - |
| রাষ্ট্রীয় আইন দ্বারা আবশ্যক | 24% | 27% | 30% | 24% | 27% | 30% | 24% | 27% | 30% | 24% | 27% | 30% |
| **মোট** | **100%** | **100%** | **100%** | **50%** | **50%** | **50%** | **24%** | **27%** | **30%** | **24%** | **27%** | **30%** |
| **অন্যান্য ক্লিন বা নবায়নযোগ্য উৎস থেকে ইলেকট্রিসিটি**** | | | | | | | | | | | | |
| রাষ্ট্রীয় আইন দ্বারা আবশ্যক | 38% | 36% | 39% | 38% | 36% | 39% | 38% | 36% | 39% | 38% | 36% | 39% |
| **বেরিয়ে যাওয়ার শর্তাবলী** | যেকোনো সময়ে বেরিয়ে যেতে পারেন। বেরিয়ে যাওয়ার জন্য কোনো ফি দিতে হবে না। | | | যেকোনো সময়ে বেরিয়ে যেতে পারেন। বেরিয়ে যাওয়ার জন্য কোনো ফি দিতে হবে না। | | | যেকোনো সময়ে বেরিয়ে যেতে পারেন। বেরিয়ে যাওয়ার জন্য কোনো ফি দিতে হবে না। | | | যেকোনো সময়ে বেরিয়ে যেতে পারেন। বেরিয়ে যাওয়ার জন্য কোনো ফি দিতে হবে না। তবে, বৃহৎ ব্যবসার গ্রাহকরা বিলিং সমন্বয়ের চার্জ বা ক্রেডিট পেতে পারেন। | | |

* মূল্যের মধ্যে $0.00075/kWh প্রশাসনিক ফি রয়েছে। এছাড়াও কেমব্রিজে নবায়নযোগ্য শক্তির প্রারম্ভিক কাজে সহায়তা করার জন্য $0.002/kWh পরিচালনা ফি অন্তর্ভুক্ত থাকবে। কোনো আইনের পরিবর্তনের ফলে বিদ্যুৎ সরবরাহ চুক্তির মেয়াদকালে যদি প্রত্যক্ষভাবে উপকরণ ব্যয় বৃদ্ধি পায় তাহলে প্রকল্পের মূল্য বৃদ্ধি পেতে পারে।

** কমনওয়েলথ অব ম্যাসাচুসেটস এর জন্য সকল বিদ্যুৎ সরবরাহ পণ্যে 2024 সালে ক্লিন বা নবায়নযোগ্য শক্তির উৎস থেকে ন্যূনতম 62% এবং পর্যায়ক্রমে 2025 সালে 63%, 2026 সালে 69% অন্তর্ভুক্ত থাকা প্রয়োজন। ডিরেক্ট এনার্জিকে অবশ্যই 'MA ক্লাস I নবায়নযোগ্য শক্তির প্রকল্প' এবং আবর্জনা থেকে উৎপাদিত শক্তি বা পারমাণবিক উৎসের মতো অন্যান্য উৎস থেকে বিদ্যুৎ কিনতে হবে। ইকোনমি গ্রীন বিকল্প ন্যূনতম প্রয়োজন মেটায়। 'MA ক্লাস I নবায়নযোগ্য শক্তির প্রকল্প' এর কাছ থেকে আরো বিদ্যুৎ ক্রয় করার মাধ্যমে স্ট্যান্ডার্ড গ্রীন ও 100% গ্রীন প্লাস বিকল্পটি এটিকে ছাড়িয়ে যাবে।

## অতিরিক্ত তথ্য

**আপনি যদি এই চিঠিটি পেয়ে থাকেন এবং** বিদ্যুৎ **সরবরাহকারীর সাথে একটি চুক্তিতে স্বাক্ষর করেন, তাহলে** আপনি হয়তো এই মেইলিং তালিকা তৈরি হওয়ার পর আপনার চুক্তিতে স্বাক্ষর করেছেন। আপনার পছন্দের সরবরাহকারীর কাছ থেকে বিদ্যুৎ সরবরাহ চালিয়ে যেতে এবং সেই সরবরাহকারীর কাছ থেকে কোনো ধরনের প্রাথমিক সমাপ্তি ফি বন্ধ করতে আপনাকে অবশ্যই কেমব্রিজ কমিউনিটি ইলেকট্রিসিটি প্রোগ্রামে জড়িত থাকা থেকে বিরত থাকতে হবে।

**আপনার যদি কর-মুক্ত অ্যাকাউন্ট থাকে,** তাহলে আপনি ডিরেক্ট এনার্জিতে উপযুক্ত কর-মুক্ত ডকুমেন্টেশন প্রদানের মাধ্যমে যেকোনো কর সংগ্রহ থেকে অব্যহতি পাওয়ার জন্য শনাক্তকরণ এবং অনুরোধ করার দায়বদ্ধ থাকবেন। আরো জানতে MassPowerChoice.com/Cambridge-এ ভিজিট করুন।

**আপনার ছাদে যদি সোলার প্যানেল থাকে অথবা আপনি যদি কমিউনিটি সোলার প্রোগ্রামে অংশগ্রহণ করেন,** তাহলে আপনি সোলার ক্রেডিট এবং/বা সোলার ইনসেন্টিভ পেমেন্ট পেতে থাকবেন এবং কেমব্রিজ কমিউনিটি ইলেকট্রিসিটি প্রোগ্রামে অংশগ্রহণ করার ফলে তাদের গণনা করার পদ্ধতিতে পরিবর্তন আনবে না।

আপনার অতিরিক্ত যেকোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে **1-844-379-9934** নম্বরে কাস্টমার সাপোর্টে কল করুন বা **cambridge@MassPowerChoice.com** ঠিকানায় ইমেইল করুন বা **www.MassPowerChoice.com/Cambridge** ভিজিট করুন। আমাদের কর্মসূচির পরামর্শকগণ আপনাকে সহায়তা করতে পারলে নিজেদেরকে ধন্য মনে করবেন। এসবের বাইরেও আপনি 1-617-349-5323 নম্বরে সিটি অব কেমব্রিজকে সরাসরি কল করতে পারেন।

ই-এন হুয়াং (Yi-An Huang)
সিটি ম্যানেজার

# জড়িত না থাকার সিদ্ধান্ত নেওয়ার রিপ্লাই কার্ড

## কেমব্রিজ কমিউনিটি ইলেক্ট্রিসিটি প্রোগ্রাম

X ____________________________________________

স্বাক্ষর তারিখ

## জড়িত না থাকার সিদ্ধান্ত নেওয়া সংক্রান্ত নির্দেশাবলী

কেমব্রিজ কমিউনিটি ইলেকট্রিসিটি প্রোগ্রামে অংশগ্রহণ করতে হলে আপনাকে কিছু করতে হবে না।

**আপনি যদি অংশগ্রহণ করতে না চান তাহলে আপনাকে অবশ্যই বেরিয়ে যেতে হবে।** ডাকযোগে বেরিয়ে যেতে চাইলে:

**১। এই কার্ডটিতে স্বাক্ষর করুন এবং তারিখ দিন।**
**২। সঙ্গে থাকা খামে কার্ডটি ঢোকান।**
**৩। আর খামটি ডাকযোগে পাঠান।**

কার্ডটিতে যে রেকর্ডকৃত গ্রাহকের নাম দেখা যাচ্ছে অবশ্যই সেই ব্যক্তি কর্তৃক কার্ডটি স্বাক্ষরিত হতে হবে। স্বয়ংক্রিয় তালিকাভুক্তি এড়িয়ে যেতে চাইলে খামটি অবশ্যই **23 এপ্রিল 2025** তারিখের পূর্বে পোস্টমার্ককৃত হতে হবে। এছাড়াও আপনি **MassPowerChoice.com/Cambridge** ঠিকানায় গিয়ে বা **1-844-379-9934** নম্বরে কাস্টমার সাপোর্টে কল করে যেকোনো সময় জড়িত না থাকার সিদ্ধান্ত নিতে পারেন।